# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
# তথ্য অধিদফতর
# বাংলাদেশ সচিবালয়
# ঢাকা

## সংবাদ গতিধারা

**জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার**

**সংখ্যা : ১০১/২০১৭-১৮**

**ঢাকা, বুধবার ২২ নভেম্বর ২০১৭, ৮ অগ্রহায়ন ১৪২৪**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে সশস্ত্রবাহিনীর ভাবমূর্তি সমুন্নত করার আহ্বান রাষ্ট্রপতির

২। সশস্ত্রবাহিনী দিবস উদ্‌যাপন : শিখা অনির্বাণে রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর শ্রদ্ধা নিবেদন

৩। মুক্তিযুদ্ধে অংশগ্রহণকারী সশস্ত্রবাহিনীর সদস্যরা ভাতা পাবেন : প্রধানমন্ত্রী

৪। শিক্ষার্থীদের কল্যাণেই প্রাথমিক সমাপনী ও জেএসসি পরীক্ষা : সংসদে প্রধানমন্ত্রী

৫। শ্রমআইন সংশোধন হচ্ছে : ইপিজেডে শ্রমিককল্যাণ সমিতি গঠনের বিধান

৬। বাংলাদেশ-ভুটান-ভারত-নেপালে চলবে ব্যক্তিগত গাড়ি : সংসদে সড়কমন্ত্রী

৭। নজরুল সাম্প্রদায়িকতার বিরুদ্ধে চিরসজীব প্রতিবাদ : তথ্যমন্ত্রী

৮। মামলাজট কমাতে বিচারকদের আন্তরিকভাবে কাজ করার আহ্বান আইনমন্ত্রীর

৯। মুন্সীগঞ্জ-বরিশাল-কক্সবাজারসহ ৯ জেলায় রেললাইন : সংসদে রেলমন্ত্রী

১০। জাদুঘরে উন্নত প্রযুক্তিতে ঐতিহ্য সংরক্ষণ প্রশিক্ষণ শুরু

১১। বাংলাদেশ-তুরস্ক দ্বিপক্ষীয় বাণিজ্য ৫০০ কোটি ডলারে দাঁড়াতে পারে
ডিসিসিআই পর্ষদের সঙ্গে বৈঠকে তুর্কি রাষ্ট্রদূত

১২। রাজধানীর সরকারি মাধ্যমিক স্কুলে ভর্তি আবেদন শুরু ১ ডিসেম্বর

চলমান পাতা-২

১। **জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে সশস্ত্রবাহিনীর ভাবমূর্তি সমুন্নত রাখার আহ্বান রাষ্ট্রপতির**

রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ সশস্ত্রবাহিনীর সদস্যদের সর্বোচ্চ পেশাদারিত্ব নিশ্চিতের মাধ্যমে জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে তাদের ভাবমূর্তি সমুন্নত করার আহ্বান জানিয়েছেন। গতকাল (২১ নভেম্বর মঙ্গলবার) সশস্ত্রবাহিনী দিবস উপলক্ষে বঙ্গভবনে সশস্ত্র বাহিনী দিবস উপলক্ষে সেনা প্রধান জেনারেল আবু বেলাল মোহাম্মদ শফিউল হক, নৌবাহিনী প্রধান এডমিরাল নিজামউদ্দিন আহমেদ এবং বিমান বাহিনী প্রধান এয়ার চীফ মার্শাল আবু এসরার রাষ্ট্রপতির সঙ্গে সাক্ষাৎ করতে আসলে রাষ্ট্রপতি এ আহ্বান জানান। রাষ্ট্রপতি বলেন, সশস্ত্রবাহিনী দেশের সীমানা পেরিয়ে বিদেশেও গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে, যার মাধ্যমে দেশের ভাবমূর্তি উজ্জ্বল হচ্ছে। এ সময় তিনি সশস্ত্রবাহিনীর সর্বাধিনায়ক হিসেবে তিন বাহিনীর সকল সদস্য ও তাদের পরিবারের সদস্যদের শুভেচ্ছা জানান। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.৫), **অবজারভার** (পৃ.১,ক.১)।

২। **সশস্ত্রবাহিনী দিবস উদ্‌যাপন : শিখা অনির্বাণে রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর শ্রদ্ধা নিবেদন**

যথাযথ মর্যাদা ও উৎসাহ উদ্দীপনার মধ্য দিয়ে গতকাল (২১ নভেম্বর মঙ্গলবার) সশস্ত্রবাহিনী দিবস উদযাপিত হয়। দিবসটি উপলক্ষে ১৯৭১ সালের মহান স্বাধীনতা যুদ্ধে আত্মোৎসর্গকারী সশস্ত্রবাহিনীর শহিদ সদস্যদের স্মৃতির প্রতি শ্রদ্ধা জানিয়ে রাষ্ট্রপতি ও সশস্ত্রবাহিনীর সর্বাধিনায়ক মো. আবদুল হামিদ এবং প্রধানমন্ত্রী ও প্রতিরক্ষামন্ত্রী শেখ হাসিনা গতকাল ঢাকা সেনানিবাসের শিখা অনির্বাণে পুষ্পস্তবক অর্পণ করেন। এ সময় সশস্ত্রবাহিনীর একটি চৌকস দল রাষ্ট্রপতি এবং প্রধানমন্ত্রীকে পৃথক পৃথকভাবে গার্ড অভ্ অনার প্রদান করে। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৫), **ইত্তেফাক** (পৃ.১,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৩), **নিউজ টুডে** (পৃ.১,ক.৩)।

৩। **মুক্তিযুদ্ধে অংশগ্রহণকারী সশস্ত্রবাহিনীর সদস্যরা ভাতা পাবেন : প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, তার সরকার আগামী জানুয়ারি মাস থেকে মুক্তিযুদ্ধে অংশগ্রহণকারী বাংলাদেশ সশস্ত্রবাহিনীর সদস্যদের প্রত্যেককে ভাতা প্রদান করবে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা গতকাল (২১ নভেম্বর মঙ্গলবার) 'সশস্ত্রবাহিনী দিবস ২০১৭' উপলক্ষে ঢাকা সেনানিবাসের মাল্টিপারপাস হলে আয়োজিত খেতাবপ্রাপ্ত মুক্তিযোদ্ধা/উত্তরাধিকারীদের সংবর্ধনা প্রদান অনুষ্ঠানে একথা বলেন। বীর মুক্তিযোদ্ধাদের কল্যাণে তার সরকার সম্ভাব্য সবকিছু করেছে উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন, যারা আমাদের মুক্তিযুদ্ধে অংশগ্রহণ করেছেন এবং আত্মাহুতী দিয়েছেন তাদেরকে আমরা মর্যাদা দেয়ার প্রচেষ্টা অব্যাহত রেখেছি। প্রধানমন্ত্রীর বলেন, সশস্ত্রবাহিনীকে একবিংশ শতাব্দীর চ্যালেঞ্জ মোকাবিলায় সক্ষম করে তোলার জন্য কার্যকরী পরিকল্পনা নিয়েছি। আমাদের সশস্ত্রবাহিনীর প্রশিক্ষণ, অস্ত্রশস্ত্র, শিক্ষা-দীক্ষা সবকিছু আন্তর্জাতিক মানের হতে হবে। তাদের আরো আধুনিক বাহিনী হিসেবে গড়ে তুলতে যা যা প্রয়োজন, আমরা তা করব। প্রধানমন্ত্রী শেখ হাসিনা অনুষ্ঠানে সম্মানী চেক এবং মোবাইল ট্যাবসহ বিভিন্ন উপহার ৭ বীরশ্রেষ্ঠ পরিবার এবং মুক্তিযুদ্ধে সম্মাননা পদকপ্রাপ্তদের মাঝে বিতরণ করেন। 'শান্তিকালীন' পদক ২০১৬ বিজয়ী ১২ জন এবং 'অসামান্য সেবা' পদক বিজয়ী ১৪ জনসহ সশস্ত্রবাহিনীর ২৬ জন সদস্যের মাঝে অনুষ্ঠানে প্রধানমন্ত্রী পদক বিতরণ করেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.১), **বণিক বার্তা** (পৃ.১,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৩), **নিউজ টুডে** (পৃ.১,ক.৩)।

৪। **শিক্ষার্থীদের কল্যাণেই প্রাথমিক সমাপনী ও জেএসসি পরীক্ষা : সংসদে প্রধানমন্ত্রী**

পঞ্চম শ্রেণির সমাপনী (পিইসি) পরীক্ষা নিয়ে সংসদে আপত্তি ও আদালতের রিট দায়েরের সমালোচনা করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তিনি বলেন, শিক্ষার্থীদের কল্যাণেই পঞ্চম শ্রেণির সমাপনী ও জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) পরীক্ষা চালু করা হয়েছে। গতকাল (২১ নভেম্বর মঙ্গলবার) সংসদের বৈঠকে তিনি এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.১)।

=৩=

৫। **শ্রমআইন সংশোধন হচ্ছে : ইপিজেডে শ্রমিককল্যাণ সমিতি গঠনের বিধান**

ইউরোপে পোশাকের বাজার ধরে রাখতে রপ্তানি প্রক্রিয়াজাতকরণ অঞ্চলে (ইপিজেড) চলমান শ্রমিক কল্যাণ সমিতি গঠনের সুযোগ রেখে শ্রমআইন সংশোধন করা হচ্ছে। একই সঙ্গে বাংলাদেশের শ্রমখাত নিয়ে বিশ্ব শ্রম সংস্থা (আইএলও) যে পর্যবেক্ষণ দিয়েছিল তা বাস্তবায়নের অগ্রগতি সম্পর্কে আজ সংস্থার এক্সপার্ট কমিটিকে জানানোর সিদ্ধান্ত নিয়েছে সরকার। গতকাল (২১ নভেম্বর মঙ্গলবার) সচিবালয়ে শ্রমআইন সংশোধনসহ শ্রমখাতের বিভিন্ন বিষয়ে সিদ্ধান্ত নিতে আন্তঃমন্ত্রণালয় সভাশেষে বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ ও আইনমন্ত্রী আনিসুল হক এ সিদ্ধান্তের কথা জানিয়েছেন। সুত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৬), **ইত্তেফাক** (পৃ.১,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৩), **নিউজ টুডে** (পৃ.১,ক.৩)।

**৬। বাংলাদেশ-ভুটান-ভারত-নেপালে চলবে ব্যক্তিগত গাড়ি : সংসদে সড়কমন্ত্রী**

সড়ক, পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, বিবিআইএন (বাংলাদেশ, ভুটান, ভারত, নেপাল) মোটরযান চুক্তি স্বাক্ষরিত হলে দেশগুলোর মধ্য দিয়ে ব্যক্তিগত গাড়ি, যাত্রী ও পণ্যবাহী পরিবহণ চলাচল করতে পারবে। তিনি বলেন, এরইমধ্যে ভারত, বাংলাদেশ ও নেপাল চুক্তিটিতে অনুসমর্থন দিয়েছে। আশা করা যাচ্ছে ভুটানও শীঘ্রই চুক্তিটি অনুসমর্থন করবে। চার দেশের অনুসমর্থনের পর চুক্তিটি বাস্তবায়িত হবে। গতকাল (২১ নভেম্বর মঙ্গলবার) জাতীয় সংসদে এক প্রশ্নের জবাবে মন্ত্রী এসব কথা বলেন। অপর এক প্রশ্নের জবাবে তিনি বলেন চলতি বছরের ৩০ সেপ্টেম্বর প্রথম স্প্যান স্থাপনের মাধ্যমে পদ্মাসেতুটি দৃশ্যমান হয়েছে। এর মাধ্যমে প্রকল্পের ৪৮ শতাংশ ভৌত কাজ সম্পাদিত হয়েছে। সুত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৪), **বণিক বার্তা** (পৃ.২,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৩), **নিউজ টুডে** (পৃ.১,ক.৩)।

**৭। নজরুল সাম্প্রদায়িকতার বিরুদ্ধে চিরসজীব প্রতিবাদ : তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু বলেছেন, জাতীয় কবি কাজী নজরুল ইসলামের অসাম্প্রদায়িক চেতনা বর্তমান নব্য সাম্প্রদায়িকতার বিরুদ্ধেও প্রতিবাদের প্রেরণা। একবিংশ শতকেও যার প্রাসঙ্গিকতা কেবল ইতিহাস পাঠই নয়, বর্তমান সাংস্কৃতিক সংকট অতিক্রমণের কাঙ্ক্ষিত পথের নির্দেশকও। গতকাল (২১ নভেম্বর মঙ্গলবার) উত্তরা ক্লাবের লোটাস লাউঞ্জে 'একুশ শতকে নজরুল' শীর্ষক দুই দিনব্যাপী আন্তর্জাতিক সম্মেলনের উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় তিনি এ কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.২), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৩)।

**৮। মামলাজট কমাতে বিচারকদের আন্তরিকভাবে কাজ করার আহ্বান আইনমন্ত্রীর**

মামলাজট কমাতে বিচারকদের আন্তরিকভাবে কাজ করতে হবে বলে মন্তব্য করেছেন আইনমন্ত্রী আনিসুল হক। তিনি বলেন, বর্তমানে দেশের আদালতগুলোয় প্রায় ৩০ লাখ মামলা বিচারাধীন আছে। গতকাল (২১ নভেম্বর মঙ্গলবার) রাজধানীর বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউটে অতিরিক্ত জেলা ও দায়রা জজ এবং সমপর্যায়ের জুডিশিয়াল কর্মকর্তাদের জন্য আয়োজিত ১৩৭তম রিফ্রেশার কোর্সের উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে আইনমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**বর্ণিক বার্তা** (পৃ.২,ক.১), **নিউজ টুডে** (পৃ.১,ক.৮), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.১)।

**৯। মুন্সীগঞ্জ-বরিশাল-কক্সবাজারসহ ৯ জেলায় রেললাইন : সংসদে রেলমন্ত্রী**

রেলপথমন্ত্রী মো. মুজিবুল হক বলেছেন, ২০২২ সালের মধ্যে মুন্সীগঞ্জ, বরিশাল, কক্সবাজারসহ দেশের নতুন ৯টি জেলা রেলওয়ে নেটওয়ার্কের আওতায় আনা হবে। অন্য জেলাগুলো হচ্ছে মাদারীপুর, শরীয়তপুর, নড়াইল, মেহেরপুর, সাতক্ষীরা ও বান্দরবান। গতকাল (২১ নভেম্বর মঙ্গলবার) সংসদে এক প্রশ্নের জবাবে মন্ত্রী এসব কথা বলেন। সুত্র-**সংবাদ** (পৃ.২,ক.১), **ইত্তেফাক** (পৃ.১,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৩), **নিউজ টুডে** (পৃ.১,ক.৩)।

**১০। জাদুঘরে উন্নত প্রযুক্তিতে ঐতিহ্য সংরক্ষণ প্রশিক্ষণ শুরু**

বাংলাদেশ জাতীয় জাদুঘরে শুরু হলো উন্নত প্রযুক্তিতে সাংস্কৃতিক ঐতিহ্য সংরক্ষণের জন্য সপ্তাহব্যাপী বিশেষ প্রশিক্ষণ কর্মসূচি। জাতীয় জাদুঘর ও 'কোরিয়া ইন্টারন্যাশনাল কো-অপারেশন এজেন্সি'র

আয়োজনে গতকাল (২১ নভেম্বর মঙ্গলবার) থেকে শুরু হয়েছে এই সাতদিনের প্রশিক্ষণ কর্মসূচি। এ উপলক্ষে গতকাল জাদুঘরের কবি সুফিয়া কামাল মিলনায়তনে অনুষ্ঠিত হয় উদ্বোধন আয়োজন। এ প্রশিক্ষণ কর্মসূচির



উদ্বোধন করেন প্রধান অতিথি বিজ্ঞান ও প্রযুক্তিমন্ত্রী স্থপতি ইয়াফেস ওসমান। এতে বিশেষ অতিথি ছিলেন বাংলাদেশে নিযুক্ত দক্ষিণ কোরিয়ার রাষ্ট্রদূত লি ইউন ইয়ং, কোরিয়া কালচারাল ফাউন্ডেশনের সভাপতি লি হিয়াং সু এবং কোইকার বাংলাদেশের পরিচালক জো হুন-গু। সূত্র-**ভোরের কাগজ** (শেষ পৃ.,ক.২), **জনকণ্ঠ** (পৃ.২,ক.৭)।

**১১। বাংলাদেশ-তুরস্ক দ্বিপক্ষীয় বাণিজ্য ৫০০ কোটি ডলারে দাঁড়াতে পারে**
**: ডিসিসিআই পর্ষদের সঙ্গে বৈঠকে তুর্কি রাষ্ট্রদূত**

বাংলাদেশ ও তুরস্কের মধ্যকার বাণিজ্যের আকার ২৪৭ কোটি ডলার। এ বাণিজ্য ৫০০ কোটি ডলারে নিয়ে যাওয়ার সুযোগ রয়েছে। দ্বিপক্ষীয় বাণিজ্য সম্প্রসারণে তুরস্ক ও বাংলাদেশের ব্যবসায়ী সম্প্রদায়ের মধ্যে যোগাযোগ বাড়াতে হবে। গত ২০ নভেম্বর সোমবার ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির (ডিসিসিআই) সভাপতি আবুল কাসেম খান ও পরিচালনা পর্ষদের সদস্যদের সঙ্গে সাক্ষাৎকালে এসব কথা বলেন বাংলাদেশে নিযুক্ত তুর্কি রাষ্ট্রদূত দেভরিম ওজতুর্ক। সূত্র-**বর্ণিক বার্তা** (পৃ.১২,ক.২), **সংবাদ** (পৃ.১৪,ক.১)।

**১২। রাজধানীর সরকারি মাধ্যমিক স্কুলে ভর্তি আবেদন শুরু ১ ডিসেম্বর**

রাজধানীর সরকারি মাধ্যমিক স্কুলগুলোতে ভর্তি আবেদন শুরু হবে আগামী ১ ডিসেম্বর থেকে। আবেদন চলবে ১৪ ডিসেম্বর পর্যন্ত। প্রথম শ্রেণিতে ভর্তির জন্য লটারির ড্র ২৬ ডিসেম্বর। ১৯, ২০ ও ২১ ডিসেম্বর যথাক্রমে ক, খ ও গ গ্রুপের স্কুলগুলোতে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। ৩০ তারিখের মধ্যেই ফল প্রকাশ করা হবে এবং নতুন বছরের প্রথম দিন থেকেই ক্লাস শুরু হবে। গতকাল (২১ নভেম্বর মঙ্গলবার) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদফতরের ভর্তি কমিটির এক সভায় এসব সিদ্ধান্ত নেওয়া হয়েছে। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.২), **ইত্তেফাক** (পৃ.৩,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.২,ক.১)।

## সম্পাদকীয়

ক. **ভোরের কাগজ :** কিডনি ফাউন্ডেশন আয়োজিত এক বৈজ্ঞানিক সেমিনারে দেশের এক কোটি ৮০ লাখ মানুষ কিডনি রোগে আক্রান্ত হওয়ার তথ্যে উদ্বেগ প্রকাশ করে কিডনি রোগীদের জন্য অল্পখরচে মানসম্পন্ন স্বাস্থ্যসেবা গড়ে তোলার পাশাপাশি জনসচেতনতা সৃষ্টিতে সরকারি-বেসরকারি উদ্যোগ নেওয়ার ওপর গুরুত্বারোপ।

খ. **সমকাল, যায়যায়দিন, ডেইলি সান, যুগান্তর, নিউ নেশন, নিউ এজ :** চিকিৎসার খরচ পরিশোধে অক্ষমতার কারণে কোনো ক্লিনিক বা হাসপাতাল কর্তৃপক্ষ রোগীর লাশ আটক রাখতে পারবে না হাইকোর্টে এ রায় চিকিৎসাক্ষেত্রে নেতিবাচক প্রবণতা বন্ধে সহায়ক হবে বলে প্রত্যাশা ব্যক্ত।

গ. **ভোরের কাগজ :** প্রাথমিক শিক্ষা সমাপনী ও ইবতেদায়ি পরীক্ষার প্রথম ও দ্বিতীয় দিনে প্রায় দেড়লাখ পরীক্ষার্থী অনুপস্থিত থাকার খবরে উদ্বেগ প্রকাশ করে শিক্ষার্থীদের ঝরে পড়া রোধে কার্যকর পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

ঘ. **প্রথম আলো :** সিলেটের বালাগঞ্জ উপজেলার বড়বাগা নদীতে একটি সেতুর অভাবে উপজেলার দেড় লাখ মানুষের কষ্ট উল্লেখ করে সারাদেশে সেতুর অভাবে জনদুর্ভোগ লাঘবে যথাযথ পদক্ষেপ নেওয়ার ওপর গুরুত্বারোপ।

ঙ. **জনকণ্ঠ :** প্রতি মাসে ঢাকা শহরে ৫০ হাজার মানুষ গ্রাম থেকে শহরে আসায় বস্তির সংখ্যা বাড়ছে উল্লেখ করে এ অবস্থা রোধে গ্রামে কর্মসংস্থান সৃষ্টির ওপর গুরুত্বারোপ।

চ. **ইন্ডিপেনডেন্ট :** নারীর প্রতি সব ধরনের সহিংসতা প্রতিরোধে সামাজিক সচেতনতা গড়ে তুলতে সরকারি-বেসকারি পর্যায়ে ব্যাপক পদক্ষেপ গ্রহণকরাসহ আইনের কঠোর প্রয়োগের সুপারিশ।

ছ. **ডেইলি সান :** কর্মক্ষেত্রে বিশেষ করে গণমাধ্যমে কাজ করা নারীদের নিরাপত্তা জোরদার করার পাশাপাশি মেডিকেল কেয়ার কাউন্সিলিং ও আইনিসেবা পেতে ভিকটিম সাপোর্ট সেন্টার ও শেল্টারের সংখ্যা বাড়ানোর আহ্বান।

ছ. **নিউ নেশন, অবজারভার :** দেশের বিভিন্ন ভূমিঅফিসে ৭৬৩২টি পদ শূন্য থাকার বিষয় তুলে ধরে জরুরিভিত্তিতে এসব পদে যথাযথ লোকবল নিয়োগের সুপারিশ।

জ. **নিউ এজ :** দ্রব্যমূল্য বৃদ্ধির সাথে সামঞ্জস্য রেখে গার্মেন্টস শ্রমিকদের মজুরি পুনর্নির্ধারণ করার প্রত্যাশা ব্যক্ত করে সম্পাদকীয় প্রকাশ।

**উপসম্পাদকীয়**

**যায়যায়দিন** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, একটি গণতান্ত্রিক দেশ হিসেবে বাংলাদেশের উন্নয়ন এখন বিশ্বব্যাপী স্বীকৃত।

**নিবন্ধ ও ফিচার**

**প্রথম আলো** পত্রিকায় প্রকাশিত **'পোলট্রি শিল্পের আরও বিকাশ কিভাবে হবে'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, পোলট্রি শিল্পের বিকাশে সরকারি-বেসরকারি সব মহল সমন্বয়ের মাধ্যমে কার্যকর পরিকল্পনা ও পদক্ষেপ নিলে দেশের মানুষের জন্য স্বল্পমূল্যে আমিষের চাহিদা যেমন পূরণ হবে তেমনি ক্ষুদ্র ও বৃহৎ বিনিয়োগের মাধ্যমে চলমান থাকবে দেশের অর্থনীতি।

#

খাদীজা/মরজিনা/সাঈদা/রশীদ/তানিয়া/৯.০০ঘন্টা/২০১৭